গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা

## রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারি/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:৩০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u><br>সভাপতি কর্তৃক গত ১৯ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>১। গত ১৯ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u><br>বিগত ১২ অক্টোবর, ২০২২ ও ১৯ ডিসেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>অক্টোবর/২২</td><td>৩৭</td><td>৩৫</td><td>৯৪.৫৯%</td></tr>
<tr><td>ডিসেম্বর/২২</td><td>৩৬</td><td>৩৪</td><td>৯৪.৪৪%</td></tr>
</table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩ | **আইএমইডি:** রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আগের তুলনায় বর্তমানে রড, সিমেন্ট, বালু, পাথরসহ প্রয়োজনীয় সকল উপাদানের দাম বেড়ে যাওয়ায় কাজের গতি কমে যাচ্ছে মর্মে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ সভায় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ক আইনগুলো যুগোপযোগী করার জন্য সভায় আলোচনা করা হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সৃষ্ট সমস্যা সমাধানের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আগের তুলনায় বর্তমানে রড, সিমেন্ট, বালু, পাথরসহ প্রয়োজনীয় সকল উপাদানের দাম বেড়ে যাওয়ায় সৃষ্ট সমস্যা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমাধান করতে হবে। | ১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **<u>স্বাস্থ্য বিভাগ :</u>**<br>**<u>করোনা সংক্রান্ত:</u>**<br>পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি আগের চেয়ে এখন অনেক ভালো। কোভিড-১৯ এর প্রাদুর্ভাব তেমন নেই। গত ডিসেম্বর, ২০২২ ও জানুয়ারি, ২০২৩ মাসে রাজশাহী বিভাগে ৯০ জন কোভিড রোগী শনাক্ত হয়েছে। তন্মধ্যে ১ জন রোগী মারা গেছে। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগে মোট জনসংখ্যা ২,০৩,৫৩,১১৯ জন। এই জনসংখ্যার 1,৮5,00,000 জনকে অর্থাৎ প্রায় ৯১% কে কোভিড-১৯ ভ্যাকসিনেশনের ১ম ডোজ প্রদান করা হয়েছে। 1,৬৯,00,000 জনকে অর্থাৎ ৮৩% কে ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ৬৮% কে বুস্টার বা তৃতীয় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ৪র্থ ডোজ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। অদ্য ২০/০২/২০২৩ তারিখ দিনব্যাপী ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন শুরু হয়েছে। রাজশাহী বিভাগের প্রতিটি ইউনিয়নে ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানো হচ্ছে। এ বিভাগে ২৫ লাখ শিশুকে এ ভিটামিন খাওয়ানো হবে।<br>**<u>ডেঙ্গু সংক্রান্ত:</u>**<br>রাজশাহী বিভাগের রাজশাহী জেলায় ১ জন এবং নওগাঁ জেলায় ২ জন ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে মারা গেছে। এটা আগের চিত্র। গত দুই মাসে এ বিভাগে ৮৫ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে। কেউ মারা যায়নি। ডেঙ্গু পরিস্থিতি আগের চেয়ে ভালো অবস্থানে রয়েছে। ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে।<br>**<u>নিপা ভাইরাস সংক্রান্ত:</u>**<br>শীতকালে খেজুর রস খেয়ে অনেকে নিপা ভাইরাসে আক্রান্ত হয়। রাজশাহী বিভাগে নিপা ভাইরাসে ১১ আক্রান্ত হয়েছে। তন্মধ্যে ৫ জন রোগী মারা গেছে। বর্তমানে শীত চলে যাওয়ায় খেজুর রস পাওয়া যাবে না। তাই এ রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনাও নেই।<br>**<u>অন্যান্য:</u>**<br>রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় গত দুই মাসে ১১৯টি প্রাইভেট ক্লিনিক ডায়াগনেস্টিক সেন্টার পরিদর্শন করা হয়েছে। ১১৯টির মধ্যে ১০৬টি প্রতিষ্ঠানকে লাইসেন্স নবায়নের অনুমতি দেওয়া হয়েছে। ৫টি প্রতিষ্ঠান প্রয়োজনীয় শর্তাবলী পালন করতে না পারায় সাময়িকভাবে বন্ধ করা হয়েছে। লাইসেন্সবিহীন প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। সুষ্ঠুভাবে ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br><br>৩। লাইসেন্সবিহীন প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ<br><br>২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br><br>৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **খাদ্য বিভাগ:**<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, খাদ্য সংগ্রহের অভ্যন্তরীণ কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় পর্যায়ে আমন সংগ্রহ/২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রা = ১০৫২৩৭ মে. টন। ইতোমধ্যে বিভাগীয় পর্যায়সহ প্রত্যেকটা জেলা ও উপজেলা পর্যায়ে এ বিষয়ে মিটিং সম্পন্ন করা হয়েছে। নির্ধারিত মেয়াদ পর্যন্ত চুক্তি সম্পন্ন হয়েছে। খাদ্য সংগ্রহের জন্য ১ লক্ষ ৫ হাজারের মধ্যে ৮৫ হাজার চুক্তি সম্পন্ন হয়েছে। বাকী চুক্তিগুলো সম্পন্ন হবে বলে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন। সরকারি মূল্যের তুলনায় বাজারে ধানের মূল্য বেশি হওয়ায় কৃষক খাদ্য গুদামে ধান বিক্রি করতে আগ্রহ কম দেখাচ্ছে। তবে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সহায়তায় সংগ্রহ কার্যক্রম চলমান আছে। বিভাগীয় পর্যায়ে ৩ লাখ মে. টন এর কাছাকাছি ও জাতীয় পর্যায়ে ২০ লাখ মে.টন এর উপরে খাদ্য মজুদ রয়েছে।<br>খাদ্যবান্ধব কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এবং মার্চ ও এপ্রিল) রাজশাহী বিভাগে ৭৭৬৬০৭টি সুবিধাভোগী পরিবারের মধ্যে ভোক্তা প্রতি মাসে ৩০ কেজি (প্রতি কেজি ১০ টাকা) করে চাল সরবরাহ করা হয়। চলতি অর্থ বছর ২০২২-২০২৩ এ সেপ্টেম্বর/২০২২ হতে খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিক্রি কার্যক্রম শুরু হয়েছে। সেপ্টেম্বর হতে নভেম্বর/২০২২ পর্যন্ত রাজশাহী বিভাগে খাদ্যবান্ধব কর্মসূচিতে ৫৯৬৬.৫৩৩ মে.টন চাল বিক্রি করা হয়েছে। কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br><br>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী |
| ৬ | **কৃষি বিভাগ:**<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, বোরো মৌসুমে ধান রোপন কার্যক্রম চলছে। রাজশাহী অঞ্চল বোরো ধান রোপনের লক্ষ্যমাত্রা ৩,৬৪,২৬০ হেক্টর। ইতোমধ্যে প্রায় ৫০% রোপন সম্পন্ন হয়েছে। বিভিন্ন ফসল মাঠে আছে, ফসলগুলো উঠলে বাকি জমিতে রোপন সম্পন্ন করা হবে। বোরো মৌসুমে সার, বীজের কোনো সমস্যা নেই। এ মৌসুমে সরিষার আবাদ লক্ষ্যমাত্রার চেয়ে বেশি হয়েছে। সরিষার বেশি ফলনের কারণে তেল উৎপাদনও বেশি হবে। সরিষার কর্তন প্রায় ৬৫% হয়েছে। আলু ফসলের কর্তন প্রায় ৯৮% হয়েছে। শীতকালীন ফসলও ভালো হয়েছে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ঋণ প্রদান করা হয়েছে। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে কৃষককে উৎসাহিত করার কার্যক্রম চলমান রয়েছে। রপ্তানীমুখী আম উৎপাদনের জন্য রপ্তানীযোগ্য নিরাপদ আম উৎপাদনের সকল ধরণের কার্যক্রম চালু রয়েছে। লাভজনক উচ্চমূল্য ফসল যেমনঃ ড্রাগন, স্ট্রবেরি, ক্যাপসিকাম, বরই, মাল্টা, কমলা লেবু, লেবু, মিষ্টি আলু ও পেয়ারার চাষাবাদ হচ্ছে। লাভজনক ফসল হওয়ায় গ্রীষ্মকালীন ও শীতকালীন পেঁয়াজের আবাদ দিনদিন বৃদ্ধি পাচ্ছে। রবি/২০২২-২৩ মৌসুমে পেঁয়াজ আবাদের লক্ষ্যমাত্রা ৩২৩৩৭ হেক্টর এবং এ পর্যন্ত অর্জন ১৯১০৭ হেক্টর। উল্লিখিত সকল ফসলের | ১। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে হবে।<br><br>২। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। নীতিমালা অনুসারে কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল<br><br>৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | আবাদী এলাকা বৃদ্ধি ও উৎপাদন বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ধান এর পাশাপাশি বগুড়া অঞ্চলে প্রচুর পরিমাণে লিচু, আম, কাঁঠাল, পেয়ারা, কুল, পেঁপে, লেবুর বাগান গড়ে উঠেছে। ফল উৎপাদনে এ অঞ্চলে একটি বিশেষ ভূমিকা রয়েছে। বিশেষ করে মধুফল হিসেবে পরিচিত লিচু উৎপাদনে পাবনা জেলা দেশের শীর্ষ স্থানে রয়েছে। পাবনা জেলার লিচু প্রচুর পরিমাণে রপ্তানি হয়ে থাকে। আম, কাঁঠাল, পেয়ারা, কুল, ড্রাগন ফ্রুট ও লেবু উৎপাদনের ক্ষেত্রেও এ অঞ্চল বিশেষ অবদান রেখে চলেছে।<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে খরিপ/ ২০২২-২৩ মৌসুমে উফশী আউশ ধান, গ্রীষ্মকালীন পেঁয়াজ, উফশী রোপা আমন ধান ও মাসকলাই ফসলের অনুকূলে ৯৪২৭১ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং রবি/ ২০২২-২৩ মৌসুমে শীতকালীন<br>সবজি, গম, ভূট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারি এবং বোরো ধান হাইব্রিড ও বোরো ধান উফশী ফসলে ৩,৯১,৪৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ইতিপূর্বেই নীতিমালা অনুসারে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আমন মৌসুমে বগুড়া, সিরাজগঞ্জ জেলায় মোট ৯,০০০ জনকে ১ বিঘা জমি চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। এছাড়াও খরিপ-২ মৌসুমে মাসকালাই উৎপাদন এর লক্ষ্যে শুধুমাত্র বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলায় মোট-১০,০৩০ জন কৃষককে ১ বিঘা জমি আবাদের জন্য অনুরুপ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, রাজশাহী অঞ্চলে (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলায়) ২০২২-২৩ অর্থ বছরে এ পর্যমত্ম ৪% সুদের আওতায় বিভিন্ন ব্যাংক হতে ২,৮২১ জন কৃষকের মাঝে ১৭ কোটি ৬৫ লক্ষ ৬৯ হাজার ৬ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আরও ৫৫৫০ জন কৃষকের তালিকা বিভিন্ন ব্যাংকে প্রেরণ করা হয়েছে।<br>অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, কৃষি ঋণ গ্রহণে আগ্রহী কৃষকদের তালিকা তৈরী পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক কার্যালয়ে প্রেরণের কাজ অব্যাহত আছে। | | |
| ৭ | **<u>গণপূর্ত বিভাগ:</u>**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, বঙ্গাবন্ধু নভোথিয়েটার প্রকল্পের কাজ ফিজিক্যালী প্রায় শেষ পর্যায়ে এসেছে। অভ্যন্তরীণ কিছু কাজ বাদ আছে, সে কাজগুলো সমাপ্ত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উর্ধ্বতন কর্মকর্তা এসেছে পরিদর্শন করে গেছেন। এ প্রকল্পের কাজ তাড়াতাড়ি সমাপ্ত করতে তদারকি অব্যাহত রয়েছে। | ১। বঙ্গাবন্ধু নভোথিয়েটার প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | ১। জেলা প্রশাসক, রাজশাহী<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৮ | **<u>বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা):</u>**<br>বিভাগীয় পর্যায়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিনিয়োগ সংক্রান্ত আলোচনা অন্তর্ভুক্ত করা, উক্ত সভার পরপরই ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি-এর সভা আয়োজন এবং সভাগুলোতে বিডার উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিশেষ অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভাগীয় পর্যায়ে কমিটি গঠন করা আছে। উক্ত কমিটির আহ্বায়ক-বিভাগীয় কমিশনার, রাজশাহী এবং সদস্য সচিব-পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী। কমিটির আহ্বায়কের সাথে পরামর্শক্রমে উক্ত সভা আয়োজনের বিষয়ে সভায় পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী ও সদস্য-সচিব এর দৃষ্টি আকর্ষণ করা হয়। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী জানান যে, দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্টকরণ, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে প্রধান সংস্থা হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত গর্ভনিং বোর্ডের সুযোগ্য পরিচালনায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) নিরলসভাবে কাজ করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের মধ্যে ৯ম উদ্যোগ 'বিনিয়োগ বিকাশ'- এ বিডা অগ্রণী ভূমিকা পালন করছে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গড়তে বিডা সহায়ক ভূমিকা পালন করবে মর্মে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন। বিনিয়োগ বিকাশে সহযোগিতা করার জন্য সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়। | ১। বিভাগীয় পর্যায়ের কমিটি হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়ে বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি-এর সভা আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী ও সদস্য-সচিব, বিভাগীয় পর্যায়ে বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি |
| ৯ | **<u>সড়ক বিভাগ:</u>**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, রাস্তার কাজ চলমান রয়েছে। কাজ চলছে এমন রাস্তা থেকে বৈদ্যুতিক পোলগুলো দ্রুত স্থানান্তর করা প্রয়োজন। বিনোদপুর হতে কাটাখালী রাস্তার বৈদ্যুতিক পোলগুলো স্থানান্তর করার বিষয়ে সভায় প্রধান প্রকৌশলী, নেসকো, রাজশাহী এর দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়াও রাস্তা সম্প্রাসরণের কাজে সমস্যা সৃষ্টিকারী অবৈধ স্থাপনা দ্রুত স্থানান্তরের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী জানান যে, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার বৈদ্যুতিক পোল এবং রাস্তা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য রাস্তা হতে বৈদ্যুতিক পোলগুলো দ্রুত স্থানান্তর করা হচ্ছে। ইতোমধ্যে ৫৮.৩৩% পোল স্থানান্তর সম্পন্ন হয়েছে। সিটি কর্পোরেশনের সহিত আলোচনাপূর্বক উক্ত কাজ সম্পাদিত হচ্ছে। | ১। বিনোদপুর হতে কাটাখালী পর্যন্ত রাস্তার মাঝে থাকা বৈদ্যুতিক পোলগুলোসহ দ্রুত স্থানান্তর করতে হবে।<br><br>২। রাস্তা সম্প্রাসরণের কাজ ত্বরান্বিত করার জন্য রাস্তা হতে বৈদ্যুতিক পোল ও অবৈধ স্থাপনা দ্রুত স্থানান্তর করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।<br><br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন<br><br>৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **<u>এলজিইডি অধিদপ্তর:</u>**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, সিমেন্ট, রড, ইট, পাথর, বালি প্রভৃতি নির্মাণ সামগ্রীর দাম বৃদ্ধি পাওয়ায় কাজের গতি কমে গেছে। আগের চুক্তি এবং বর্তমান দামে ঠিকাদারদের লোকসান হওয়ায় তারা কাজ করার আগ্রহ কম দেখাচ্ছে। তবে ধীরগতিতে হলেও কাজ চলমান রয়েছে। রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঘূর্ণিঝড় আম্ফান প্রকল্প, ভূমি অফিস নির্মাণ প্রকল্প, রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২, বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ চলছে এবং চাঁপাইনবাবগঞ্জ এর ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।<br>তিনি আরো জানান যে, ২০২২-২৩ অর্থ বৎসরে রাজশাহী বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৫৮৭টি স্কীম অনুমোদিত হয়েছে। চলতি অর্থ বৎসরে উক্ত রক্ষণাবেক্ষণ কাজগুলি প্রদেয় সময় অনুযায়ী নির্ধারিত সময়ে সমাপ্ত করা হবে বলে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। | ১। সিমেন্ট, রড, ইট, পাথর, বালি প্রভৃতি নির্মাণ সামগ্রীর দাম বৃদ্ধি পাওয়ার কারণে প্রকল্প বাস্তবায়নে সমস্যা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সৃষ্ট সমস্যার সমাধান করতে হবে।<br><br>২। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ |
| ১১ | **<u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u>**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ৩য় পর্যায়ে রাজশাহী জেলায় ২১১টি, নওগাঁ জেলায় ৯২টি, পাবনা জেলায় ১০০টি, জয়পুরহাট জেলায় ১৪০টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৭১টি, সিরাজগঞ্জ জেলায় ৮৮টি এবং নাটোর জেলায় ৪১৫টি পানির উৎসসহ মোট ১১১৭টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে এ পর্যন্ত ১০২২টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ের আশ্রয়ণ প্রকল্পে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **<u>পানি উন্নয়ন বোর্ড:</u>**<br>জেলা প্রশাসক, সিরাজগঞ্জ সভায় জানান যে, বাংলাদেশ সেনাবাহিনীর নিয়ন্ত্রণে করতোয়া, ফুলজোর ও বাঙালী নদী ড্রেজিং এর কাজ হচ্ছে। ড্রেজিং করার সময় নদী হতে উত্তোলনকৃত বালি যে জমিতে রাখবে, সে জমির মালিককে ক্ষতিপূরণ দিবে বলে তারা জমির মালিকদের আশ্বস্ত করে। কিন্তু পরে তারা ক্ষতিপূরণ না দিয়ে বলছে যে বালি যাদের জমিতে রাখা হয়েছে, সে বালির একটি অংশ তাদের দেওয়া হবে। পরে যে যার মতো কিছু বালি বিক্রি করেছে। এ অবস্থায় সেনাবাহিনীর সাথে যোগাযোগ করা হলে তারা জানায় যে, জেলা প্রশাসকের কাছে বালি হস্তান্তর করেছে। আবার কিছু কিছু জায়গায় ড্রেজিং মেশিন ব্যবহার না করে ভেকু দিয়ে বালি কাটা হচ্ছে। ফলে অনেক মানুষের জমিও চলে যাচ্ছে নদীতে। । নদী হতে বালি উত্তোলন, অন্যের জমিতে রাখা ও বিক্রি বিষয়ে সেনাবাহিনী ও পানি উন্নয়ন বোর্ড এর সাথে যোগাযোগের ক্ষেত্রে সমন্বয়হীনতা লক্ষ্য করা যাচ্ছে। এটি এক ধরণের অব্যবস্থাপনা। এ অব্যবস্থাপনা নিরসনকল্পে সভায় পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করা হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী জানান যে, জেলা পানি ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সকলকে নিয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরো জানান যে, রাজশাহী বিভাগে ৯টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্প বাস্তবায়নে ব্যবহৃত উপাদানের দাম বেড়ে যাওয়ায় ঠিকাদার কাজে বিলম্ব করছে। কাজে বিলম্ব করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তাকে সতর্ক করা হয়েছে। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বাপাউবো, রাজশাহী জোনের আওতায় মাঠ পযায়ের দপ্তরসমূহকে নির্দেশ প্রদান করা হয়েছে। | ১। নদী ড্রেজিং করে উত্তোলনকৃত বালি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। ড্রেজিং করে উত্তোলনকৃত বালি পাবলিকের জমিতে রাখলে তাকে যথাযথ ক্ষতিপূরণ দিতে হবে।<br><br>৩। নদী ড্রেজিং এর নামে অন্যের জমি ক্ষতি করা যাবে না।<br><br>৪। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **<u>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:</u>**<br>পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর জানান যে, রাজশাহী বিভাগের খামারীদের উৎসাহিতকরণে ২০২২-২০২৩ অর্থ বছরের ডিসেম্বর/২০২২ মাস পর্যন্ত ১১,৩৪৬ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ৬৯৩.৯৩ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। ফলে গবাদিপশু পালন, স্বাস্থ্যবিধি, ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং প্রাণি উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে।<br>রাজশাহী বিভাগের প্রাণিসম্পদ সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান এর অংশ হিসেবে গবাদিপশুর সুস্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে ২০২২-২০২৩ অর্থ বছরের ডিসেম্বর/২০২২ মাস পর্যন্ত গবাদিপশুকে ২৫,৯৭,৩০০ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ২,৬৭,৭০,০০০ মাত্রা রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য ৯,৮৩,৫০০ গবাদিপশু এবং ৭৭,১৬,১০০ হাঁস-মুরগিকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। প্রাণিস্বাস্থ্য সেবা সহজীকরণের জন্য ৩২৯টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ১০,৫৯৪টি গবাদিপশু এবং প্রায় ৩৫,৫৬৫টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশু পালনে খামারীদের উৎসাহিত করতে হবে।<br><br>২। হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশুকে সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **<u>মৎস্য বিভাগ:</u>**<br>জেলা প্রশাসক, নওগাঁ সভায় জানান যে, মাছ চাষের পাশাপাশি পুকুরে মুক্তা চাষ করা হচ্ছে। তবে যে মুক্তা চাষ করা হচ্ছে তা অনেক নিম্নমানের মুক্তা। উচ্চমানের মুক্তা চাষের বিষয়ে তিনি উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী এর দৃষ্টি আকর্ষণ করেন। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, আপাতত পরীক্ষামূলক মুক্তার চাষ শুরু হয়েছে। মুক্ত চাষ ভালো হলে পরবর্তীতে হাই কোয়ালিটির মুক্তা চাষ শুরু করা হবে। তিনি আরো জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বৎসরে জানুয়ারি, ২০২৩ মাস পর্যন্ত<br>ক) মৎস্য সংরক্ষণ আইন : ৩৫৬৯টি<br>খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন: ১৬৩টি<br>গ) মৎস্য হ্যাচারি আইন: ৭৭টি মোট ৩৮০৯টি আইন (৩৩৭৬টি অভিযান এবং ৪৩৩টি মোবাইল কোর্ট) বাস্তবায়িত হয়েছে। যার মধ্যে ৩৮৪টি মামলা দায়ের, ৩০২ জনের জেল এবং ৭.০৮ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদের উৎসাহিত করতে ৯৫৯৩ জনকে পরামর্শ, ৩৮৯৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাষীদের উৎসাহিত করতে “উত্তম মাছচাষ অনুশীলন ও লাভজনক উপায়ে মাছচাষ” এবং “দেশিয় প্রজাতির ছোট মাছচাষ ব্যবস্থাপনা” বিষয়ক বই বিনামূল্যে বিতরণ চলমান রয়েছে। মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টিতে বিভিন্ন উপকরণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়িত হচ্ছে। | ১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br>২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। পুকুরে মাছ চাষের পাশাপাশি উচ্চমানের মুক্তা চাষের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **<u>পরিসংখ্যান বিভাগ:</u>**<br>যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দর ছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্য সামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর তথ্য সংগ্রহের কাজ ডিসেম্বর ২০২২ মাসে সম্পন্ন হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকা (Primary Sampling Unit বা PSU) হতে ২০ টি Household থেকে তথ্য সংগ্রহ করা হচ্ছে। স্যাম্পল ভাইটল রেজিস্ট্রেশন সিস্টেম "এসভিআরএস" কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে। মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের নিয়মিত রিপোর্ট যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। | ১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br>২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী |
| ১৬ | **<u>ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:</u>**<br>জেলা প্রশাসক, রাজশাহী জানান যে, ভোক্তা অধিকারের কার্যক্রমের বিষয়ে জনসাধারণের অনেক অভিযোগ রয়েছে। তারা একই দোকান বার বার অভিযান পরিচালনা করে জরিমানা করছে অথচ অনেক দোকানে যাচ্ছে না। রাজশাহীতে এক এলপি গ্যাস ১২ কেজির সিলিন্ডার বিক্রেতার দোকানে ঢুকে সরকারি মূল্য ১৪৯৮/- টাকার পরিবর্তে ১৫৫০/- টাকায় বিক্রি করায় ৫০,০০০/- টাকা জরিমানা করেছে। সরকারি মূল্য ১৪৯৮/- হলেও পরিবহন খরচের কারণে সিলিন্ডারের দাম কিছুটা বেশি হয়। কিন্তু ভোক্তা অধিকারের কেউ সভায় উপস্থিত না থাকায় এ বিষয়ে তাদের মতামত জানা যায়নি। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহীকে সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ভোক্তা অধিকার হতে প্রাপ্ত অগ্রগতির তথ্যমতে, ০১ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর-২০২২ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ১০১টি বাজার অভিযানের মাধ্যমে ২৫৯টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ২৩,৬৮,৭৫০/- টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে ডিসেম্বর-২০২২ মাসে ভোক্তা-অধিকার সংরক্ষণ বিষয়ে ০৯টি সচেতনতামূলক/অবহিতকরণ সভা আয়োজিত হয়েছে। | ১। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহীকে সভায় উপস্থিত থাকতে পত্র প্রেরণ করতে হবে।<br>২। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা- অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>৩। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **<u>বনবিভাগ:</u>**<br>বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, সামাজিক বন বিভাগ, রাজশাহী, বগুড়া ও পাবনার নিয়ন্ত্রণাধীন লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগ কর্তৃপক্ষকে অবৈধ করাত-কলের তালিকা প্রেরণ করা হয়েছে এবং অবৈধ করাত-কলের তালিকা অনুযায়ী বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অবৈধ করাত-কলের তালিকা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা এবং অবৈধ দখলদারদের হাত হতে বন বিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। অবৈধ করাত-কল উচ্ছেদের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাদেরকে প্রতি জেলায় কমিটি গঠন করে উচ্ছেদ কার্যক্রম তরান্বিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।<br>বন বিভাগের উদ্ধার হওয়া জমিতে পাখির অভয়ারণ্য গড়ে তুলে পরিবেশের ভারসাম্য রক্ষা করার বিষয়ে জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বন বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধ করতে হবে।<br><br>২। অবৈধ করাত-কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩। বন বিভাগের উদ্ধার হওয়া জমিতে পাখির অভয়ারণ্য গড়ে তোলার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br><br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন<br><br>৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন<br><br>৫। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্জল বগুড়া |
| ১৮ | **<u>সমাজসেবা অফিস:</u>**<br>পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত গরিব রোগীদের আর্থিক সহায়তা করা হয়ে থাকে। এ রকম জটিল ও কঠিন রোগে আক্রান্তদের একটি আনুষ্ঠানিকতার মাধ্যমে আর্থিক সহায়তা প্রদানের করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া বয়স্ক ভাতা, বিধবা ভাতাসহ রাজশাহী বিভাগের সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ২০২২-২৩ অর্থ বছরে সকল ভাতা কার্যক্রম এর ১ম ও ২য় কিস্তির অর্থ প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোনো সমস্যা নেই। | ১। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড প্রভৃতি রোগে আক্রান্তরদের আনুষ্ঠানিকতার মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করতে হবে।<br><br>২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী |
| ১৯ | **<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:</u>**<br>উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী শহরের অনেক বিল্ডিং এ অগ্নি নির্বাপন ব্যবস্থা নেই। ফলে অগ্নি দুর্ঘটনা সংঘটিত তাদের উদ্ধার করা কষ্টসাধ্য হয়ে পড়ে। অগ্নি নির্বাপন ব্যবস্থা রেখে ভবন নির্মাণে নকশা অনুমোদন করার বিষয়ে সভায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ জানান অগ্নি নির্বাপন ব্যবস্থা না থাকলে ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হচ্ছে না। অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা অনুসারে ভবন নির্মাণের নকশা অনুমোদন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া প্রতি সপ্তাহে একটি করে সরকারি অফিসে অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠানের জন্য সভাপতি আহ্বান জানান। | ১। অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা অনুসারে ভবন নির্মাণের নকশা অনুমোদন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী<br><br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ |

| | | | |
|---|---|---|---|
| ২০ | **<u>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:</u>**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, এ সেচ কাজের জন্য প্রায় ১০,০০০ সেচ যন্ত্র চালু রয়েছে। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.৮২ লক্ষ হেক্টর জমিতে ৮৮২৫টি গভীর নলকূপ, ২৭৩টি এল এল পি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে আউস ও আমন মৌসুমে জমিতে সেচ প্রদান করা হয়েছে। আসন্ন রবি মৌসুমে ৫.৩২ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ২.৩৬ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। রবি মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সকল সেচ যন্ত্রগুলো সচল রাখাসহ সেচযন্ত্রগুলি সার্বক্ষণিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল যথাযথ মজুদ রাখা হয়েছে।<br>বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি দ্বারা সেচ সুবিধা চালু হওয়ায় এলাকার এক ফসলি জমি দুই/তিন ফসলি জমিতে রূপান্তরিত হয়েছে। ফলে এই এলাকার ফসল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>জেলা প্রশাসক, রাজশাহী বলেন যে, বিভিন্ন ফসল উৎপাদন ও রাজশাহী নগরীকে সবুজ শ্যামল সমরোহে ভরে রাখতে বিএমডিএ ও পানি উন্নয়নের বোর্ডের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। কিন্তু দিন দিন পানির নিম্ন স্তর আরো নিচে চলে যাচ্ছে এবং ছোট ছোট নদী ও ক্যানেল শুকিয়ে যাচ্ছে। ফলে কৃষক ও মৎস্য চাষীরা পর্যাপ্ত পানি পাচ্ছে না। পদ্মা নদীতে যথেষ্ট পানি রয়েছে। এই নদীর সাথে সংলগ্ন ছোট ছোট নদী ও ক্যানেলে পানি প্রবাহ অব্যাহত রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় বিএমডিএ ও পানি উন্নয়নের বোর্ডের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। সেচ যন্ত্রগুলি সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য মালামাল মজুদ রাখতে হবে।<br><br>২। সেচ সুবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে দুই ও তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>৩। কৃষক ও মৎস্য চাষীদের সুবিধার্থে পদ্মা নদীর সাথে সংলগ্ন ছোট ছোট নদী ও ক্যানেলে পানি প্রবাহ অব্যাহত রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br><br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ২১ | **<u>যুব উন্নয়ন অফিস:</u>**<br>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের ডিসেম্বর, ২০২২ পর্যন্ত অগ্রগতি ৫৫৮৪ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে।<br>রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ২৩১৮ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। | ১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |
| ২২ | **<u>প্রত্নতত্ত্ব অধিদপ্তর:</u>**<br>রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী ও রংপুর অঞ্চল, বগুড়াকে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলে সভার সকল সদস্য তাঁকে সভায় কো-অপ্টকরণ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | ১। পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী ও রংপুর অঞ্চল, বগুড়াকে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় কো-অপ্ট করতে হবে। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u>** এ বিভাগের সকল দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। অতঃপর রাজশাহী বিভাগ এপিএ-তে প্রথম স্থান অধিকার করায় সভাপতি সকলকে এ অর্জনের অংশীদার হিসেবে ধন্যবাদ জানান। | ১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় দপ্তর প্রধানগণ |

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.৯৫

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫) মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী
৬) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
৭) চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
৮) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
৯) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৩) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
১৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
১৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
১৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
১৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
২০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া

২১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
২৩) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
২৪) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী
২৫) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী
২৬) অধিনায়ক , র‌্যাব-৫, রাজশাহী
২৭) পরিচালক , বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
২৮) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
২৯) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
৩০) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
৩১) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
৩২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
৩৩) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
৩৪) মহাব্যবস্থাপক-১, , টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
৩৫) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩৬) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
৩৭) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৩৮) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
৩৯) অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
৪০) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪১) প্রধান নির্বাহী কর্মকর্তা, , জেলা পরিষদ, রাজশাহী
৪২) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ, বগুড়া
৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
৪৯) উপপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৫০) উপপরিচালক , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫১) যুগ্মপরিচালক (সার) , বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫২) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৩) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
৫৪) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
৫৫) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী
৫৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৫৮) যুগ্মপরিচালক , বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
৫৯) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
৬০) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া

৬১) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
৬২) অধ্যক্ষ , শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
৬৩) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ
৬৪) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী
৬৫) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
৬৬) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী
৬৭) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
৬৮) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৬৯) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
৭০) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী
৭১) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী
৭২) উপপরিচালক , বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী
৭৩) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
৭৪) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী
৭৫) বিভাগীয় ব্যবস্থাপক , ব্র্যাক, রাজশাহী
৭৬) আঞ্চলিক প্রকল্প পরিচালক , বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী
৭৭) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী
৭৮) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
৭৯) জোনাল সেটেলমেন্ট অফিসার , বগুড়া
৮০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
৮১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন
৮২) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
৮৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
৮৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
৮৫) সহকারী প্ল্যানার , নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৮৬) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৮) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৯) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৯০) উপ-প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৯১) উপ-প্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

ড. মোঃ মোকছেদ আলী
অতিরিক্ত বিভাগীয় কমিশনার